

যুগান্তর

তারিখ .. 05 MAY.. 2015 ...
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৬

নবাবগঞ্জে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ন প্রশিক্ষণ

স্টাফ রিপোর্টার, নবাবগঞ্জ

ঢাকার নবাবগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে সোমবার সকাল থেকে বিকাল পর্যন্ত বিশেষ প্রশিক্ষণশালা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে এ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। পর্যায়ক্রমে ১৫ দিনব্যাপী এ কর্মশালা চলবে। প্রতিটি গ্রুপে ৪টি করে বিদ্যালয় প্রতিদিন ৩ ধাপে প্রশিক্ষণে অংশ নেবে।

সকাল ১০টায় উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জেনারেল আহমেদ কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী শিক্ষা কর্মকর্তা মো. হিদোলা বারী, ঝর্ণা রানী পাল, ডেন্ডা প্রতিষ্ঠান জালালপুর উদয়ন সার্ভেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি এজাজ আহমেদ পান্না, রাজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি জুয়েল আহমেদ, নবাবগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি আক্তার হোসেন, প্রধান শিক্ষক শামীমা আক্তার ও কামনুজ্জামান প্রমুখ। কর্মশালায় প্রতিষ্ঠানের প্রধান, সহকারী শিক্ষক, সভাপতি ও অভিভাবক প্রতিনিধি অংশ নেন। কর্মশালায় প্রাথমিক শিক্ষায় উন্নয়ন, পরিবেশ, সভাবনা ও অগ্রগতি বিষয়ে ধারণা দেয়া হয়। এসময় বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (প্রতিবন্ধী) বেশি নজর ও সতর্ক থেকে শিক্ষাদানে শিক্ষকদের দায়িত্বশীল হওয়ার তাগিদ দেয়া হয়।